গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জুরাছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
http://juraichari.rangamati.gov.bd

**জুরাছড়ি উপজেলার জানুয়ারি/২০২১ খ্রি. মাসের মানসম্মত শিক্ষা, সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক জনসাধারণকে প্রদত্ত সেবা সম্পর্কে অবহিত করণ ও দুর্নীতি বিরোধী কর্মসূচী সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী**

সভাপতি ঃ জীতেন্দ্র কুমার নাথ
উপজেলা নির্বাহী অফিসার, জুরাছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
তারিখ ঃ ১৪/০১/২০২১ খ্রি.
সময় ঃ সকাল ০৯.১৫ ঘটিকা।
সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট "ক"।

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে নতুন বছরের শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে বিগত সভার কার্য বিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এরপর উপস্থিত সদস্যবৃন্দ বিভিন্ন আলোচনায় অংশ নেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **১। মানসম্মত শিক্ষা বিস্তারঃ** মানসম্মত শিক্ষা বিস্তারের লক্ষ্যে নিম্নবর্ণিত কার্যক্রম সমূহ সম্পাদন করা হয়। | | |
| **(ক) বিদ্যালয় পরিদর্শনঃ**<br>সভাপতি শিক্ষা কর্মকর্তা ছাড়াও অন্যান্য কর্মকর্তাদের তাদের দাপ্তরিক কাজে কোথাও পরিদর্শনে গেলে পার্শ্ববর্তী বিদ্যালয় সমূহ পরিদর্শন করার জন্য সভায় উল্লেখ করেন। বিদ্যালয় পরিদর্শন কালে কোন শিক্ষক বিনা কারণে অনুপস্থিত থাকলে এবং কোন অভিযোগ থাকলে তাদের তালিকা তার নিকট জানানোর জন্য অনুরোধ করেন। তিনি অনিয়মিত শিক্ষকের নামের তালিকা কিংবা অভিযোগের বিষয়টি উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবেন মর্মে সভায় উল্লেখ করেন। তিনি উপজেলার শিক্ষার মান উন্নয়নে সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি প্রমাপ অনুযায়ী বিদ্যালয় পরিদর্শন করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের সভায় অনুরোধ করেন। | বিদ্যালয়ে সকল শিক্ষকের নিয়মিত উপস্থিতি থেকে পাঠদান কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণ কর্তৃক প্রমাপ অনুযায়ী বিদ্যালয় পরিদর্শন কার্যক্রম আরো জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার। |
| **(খ) মান সম্মত শিক্ষাঃ**<br>সভাপতি এ উপজেলায় মাধ্যমিক পর্যায়ে ১টি এবং প্রাথমিক পর্যায়ে ৩টি বিদ্যালয়কে মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিচালনা করার জন্য প্রয়োজনীয় সরঞ্জাম প্রদান করা হয়েছে। তিনি উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের নিয়মিত মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিচালনা করে অনলাইনে রিপোর্ট আপলোড করার জন্য অনুরোধ করেন। এছাড়া তিনি আরো বলেন যে, মান সম্মত শিক্ষা নিশ্চিত করার ক্ষেত্রে মাল্টিমিডিয়া ক্লাস রুমের সংখ্যা বৃদ্ধি এবং কনটেন্ট তৈরিতে সম্মানিত শিক্ষকগণই সঠিকভাবে দেখাশুনা ও গুরুত্বপুর্ণ ভুমিকা রাখতে পারেন। এ ব্যাপারে নিয়মিত মনিটরিং করার জন্য উপজেলা শিক্ষা অফিসার ও মাধ্যমিক শিক্ষা অফিসারকে সভায় অনুরোধ জানানো হয়।সভাপতি মহোদয় উপজেলার শিক্ষার মান উন্নয়ন, ফলাফল উন্নীতকরণের পাশাপাশি কিভাবে মানসম্মত শিক্ষা নিশ্চিত করা যায় সেজন্য তিনি সকল বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও উপজেলা শিক্ষা কর্মকর্তা, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার এর দৃষ্টি আকর্ষণ করেন। সকল বিদ্যালয়ের শিক্ষকেরা যাতে তাদের পাঠদান কার্যক্রম নিয়মিত রাখে এবং বিদ্যালয়ে উপস্থিতি যাতে নিয়মিত থাকে সেজন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার সতর্ক দৃষ্টি রাখার জন্য অনুরোধ করেন। | উপজেলা শিক্ষার মান উন্নয়নে উপজেলা শিক্ষা কর্মকর্তা এবং মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা শিক্ষকদের প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবেন এবং মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা এবং মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জুরাছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা। |

| | | |
|---|---|---|
| **২। জনসেবাঃ**<br>সভাপতি বলেন, আন্তরিকতা এবং সেবাবান্ধব মানসিকতা থাকলে যে কেউ সেবা গ্রহণকারীর কাছাকাছি যেতে পারে। এ জন্য তিনি অফিস আদালত সহ যে কোন স্থানে সেবা বান্ধব মানসিকতা নিয়ে সকলকে কাজ করার আহ্বান জানান। তিনি সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান সমূহকে সেবা প্রদানের ক্ষেত্রে আরো ইতিবাচক মানসিকতা নিয়ে এগিয়ে আসার আহ্বান জানান। সভাপতি মাননীয় প্রধান মন্ত্রীর উক্তি "সরকারের সেবা নিয়ে জনগণের দোরগোড়ায় উপস্থিত হতে হবে" এ ব্রত ও মানসিকতা নিয়ে জনসেবায় আত্ননিয়োগ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | মাননীয় প্রধান মন্ত্রীর উক্তি "সরকারকে সেবা নিয়ে জনগণের দোড় গোড়ায় উপস্থিত হতে হবে" এ ব্রত ও মানসিকাতা নিয়ে জনসেবায় আত্ননিয়োগ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল বিভাগীয় প্রধান ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) |
| **৩। দুর্নীতি বিরোধী জনসচেতনতা বৃদ্ধিঃ**<br>সভাপতি সকল দপ্তরের কর্মকর্তাগণকে তাদের কর্মস্থলে নিয়মিত উপস্থিত থেকে সেবা বান্ধব মানসিকতা নিয়ে কাজ করার আহ্বান জানান। তিনি বলেন জনগণ প্রতিটি ক্ষেত্রে সেবা পাওয়ার অধিকার রাখে এজন্য তিনি জনগণ যাতে অযথা হয়রানির স্বীকার না হয়, সে জন্য সিটিজেন চার্টার অনুসরণ করে জনগণকে সেবা প্রদান করার জন্য সকল দপ্তরের প্রধানদের প্রতি অনুরোধ জানান। সভাপতি জনসেবার ক্ষেত্রে দুর্নীতির অভিযোগে কাউকে কোনরূপ ছাড় দেয়া হবে না এবং দুর্নীতির অভিযোগে অভিযুক্ত সকলকে আইনের আওতায় আনা হবে উল্লেখ করে দুর্নীতির বিরুদ্ধে জোরালো ভুমিকা রাখার জন্য উপস্থিত সদস্যদের প্রতি আহ্বান জানান। সভায় দুর্নীতির জন্য দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের বিষয়ে সকলেই একমত পোষণ করেন। | সকল দপ্তরের প্রধানগণ তাদের অধীনস্থ কর্মকর্তা ও কর্মচারীদের কর্মস্থলে নিয়মিত উপস্থিত নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং দুর্নীতির অভিযোগে অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে তদন্তক্রমে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল বিভাগীয় প্রধান ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪/০১/২১

(জীতেন্দ্র কুমার নাথ)
উপজেলা নির্বাহী অফিসার
জুরাছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
মোবাইল- ০১৫৫৭৬৭৬২১৪।
ই মেইল- unojuraichari@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪২.৮৪৪৭.০০০.০৬.০০৯.২০- ৬০, তারিখঃ ১৪/০১/২০২১ খ্রি.

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ হলোঃ

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৩। জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুরাছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুরাছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৬। উপজেলা ........................................... কর্মকর্তা, জুরাছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৭। চেয়ারম্যান, .................................... ইউনিয়ন পরিষদ (সকল) জুরাছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৮। জনাব .............................................................. , জুরাছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

১৪/০১/২১

উপজেলা নির্বাহী অফিসার
জুরাছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।